দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAY 1992
পৃষ্ঠা ৭ কলাম ৬

# মেডিক্যাল ভর্তি পরীক্ষা বাতিল না হইলে সমাবেশ

মেডিক্যাল ভর্তি পরীক্ষা বাতিল সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ গতকাল এক বিবৃতিতে বলেন, আগামীকাল শনিবারের মধ্যে ১৯৯১-৯২ সালের মেডিক্যাল ভর্তি

(শেষ পৃঃ ৭-এরক: দ্রঃ)৮

## ভর্তি পরীক্ষা

( শেষ পৃঃ পর )

ছাত্রীদের সমাবেশ অনুষ্ঠিত হইবে। বিবৃতিতে বলা হয়, বিষয়টি যেহেতু প্রধানমন্ত্রীর বিবেচনাধীন সেহেতু বিতর্কিত তদন্ত কমিটির রিপোর্টে কি বলা হইল না হইল তাহাতে আন্দোলন রত ছাত্র-ছাত্রীরা বিভ্রান্ত হইবে না। নেতৃবৃন্দ বলেন, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় গঠিত তদন্ত কমিটি পরীক্ষার্থীদের আন্দোলন ব্যাহত করার জন্য চক্রান্ত শুরু করিয়াছে। তাহারা বলেন, আন্দোলনের এক পর্যায়ে ছাত্র-ছাত্রীদের অনশনকালে কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠনের ঘোষণা দিলেও অনশন কর্মসূচী অব্যাহত রাখিয়া জানাইয়া দেওয়া হয় পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সহিত প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে জড়িত সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়া গঠিত তদন্ত কমিটি ছাত্র ছাত্রীদের নিকট গ্রহণ যোগ্য নয়।

## ভর্তি পরীক্ষা

পরীক্ষা বাতিলের ঘোষণা না দেওয়া হইলে ঐ দিন সকাল ১০টায় জাতীয় প্রেস ক্লাবের সম্মুখে ছাত্র

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

০৬